

কমনওয়েলথের মত

সাক্ষরতায় উল্লেখযোগ্য অগ্রগতি বাংলাদেশের

কূটনৈতিক প্রতিবেদক >

তরুণদের সাক্ষরতার ক্ষেত্রে বাংলাদেশ, ভারত ও পাকিস্তান উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে বলে জানিয়েছেন কমনওয়েলথ মহাসচিব কমলেশ শর্মা। ১৯৯০-এর দশক থেকে বর্তমানে এ দেশগুলোয় তরুণদের সাক্ষরতার হার প্রায় ১৮ শতাংশ বেড়েছে। গতকাল মঙ্গলবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে দেওয়া বাণীতে তিনি এ কথা জানান।

কমলেশ শর্মা বলেন, এই অঞ্চল বিশ্বের বৃহত্তম তরুণ জনগোষ্ঠীর আবাস হওয়ায় এ প্রজন্মের সদস্যদের দক্ষতা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

জাতিসংঘের শিশু সংস্থা ইউনিসেফের দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সমীক্ষার উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, বাংলাদেশ, ভারত ও পাকিস্তানের ৫ থেকে ১৩ বছর বয়সী দুই কোটি ৭০ লাখ শিশু প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের বাইরে রয়েছে। সদস্য দেশগুলোর নাগরিকদের সবার জন্য শিক্ষার সুযোগ এবং শিক্ষার মানোন্নয়নে কমনওয়েলথ সজাগ রয়েছে।

মহাসচিব আসছেন ৩৩তম কমনওয়েলথ মহাসচিব কমলেশ শর্মা তিন দিনের সফরে আগামী ৩৩তম চাকায় আসছেন। আগামী ২৭ থেকে ২৯ নভেম্বর মাল্টিয় অনুষ্ঠিত কমনওয়েলথের সরকারপ্রধান পর্যায়ের ২৪তম শীর্ষ সম্মেলন বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অবহিত করতেই তিনি এ সফর করবেন। ওই সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অংশ নেওয়ার কথা রয়েছে।

জানা গেছে, কমনওয়েলথ মহাসচিব ৩৩তম রাতে ঢাকায় পৌঁছবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে তিনি আসন্ন সম্মেলনের আলোচনাসূচি জানাবেন। এ ছাড়া পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে তার বৈঠক হবে। কমনওয়েলথ মহাসচিবের সম্মানে পররাষ্ট্রমন্ত্রী নৈশ ভোজের আয়োজন করবেন। ঢাকা সফরকালে বাংলাদেশের প্রতিনিধিদের সঙ্গে আলোচনায় কমনওয়েলথে এ দেশের ভূমিকা নিয়ে আলোচনা হতে পারে।